

অগ্রবর্তী- নৈকউপ্রাপ্ত শ্রেণী
ভাগ্যবান-ডানদিকের শ্রেণী
হতভাগ্য-বামদিকের শ্রেণী

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াবাবাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রাহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে “অগ্রবর্তী নৈকউপ্রাপ্ত শ্রেণী , ভাগ্যবান ডানদিকের শ্রেণী, হতভাগ্য বামদিকের শ্রেণী।”

পবিত্র কুরআন মজীদের সুরা নম্বর ৫৬ আল ওয়াকিয়ার ৭ নম্বর আয়াতে আল্লাহ তায়ালা ইরশাদ করেনঃ“তোমরা বিভক্ত হয়ে পড়বে তিন শ্রেণীতে । “ বিচারের দিন মানুষ তিন শ্রেণীতে বিভক্ত হয়ে পড়বে-----১। অগ্রবর্তী- নৈকউপ্রাপ্ত শ্রেণী ,২। ভাগ্যবান ডানদিকের শ্রেণী, ৩। হতভাগ্য বামদিকের শ্রেণী।

পবিত্র কুরআনুল করীমে ইরশাদ হচ্ছেঃ

১। অগ্রবর্তী ও নৈকউপ্রাপ্ত শ্রেণী।

وَالسَّابِقُونَ السَّابِقُونَ ﴿١٠﴾ أُولَئِكَ الْمُقَرَّبُونَ ﴿١١﴾

فِي جَنَّتِ النَّعِيمِ ﴿١٢﴾ ثَلَاثَةٌ مِّنَ الْأُولَىٰ ﴿١٣﴾

وَقَلِيلٌ مِّنَ الْآخِرِينَ ﴿١٣﴾ عَلَىٰ سُرٍّ مَّوْضُونَةٍ ﴿١٥﴾

مُتَّكِنِينَ عَلَيْهَا مُتَّقِبِلِينَ ﴿١٦﴾

يَطُوفُ عَلَيْهِمْ وِلْدَانٌ مُّخَلَّدُونَ ﴿١٧﴾

بِأَكْوَابٍ وَأَبَارِيقٍ ۖ وَكَأْسٍ مِّنْ مَّعِينٍ ﴿١٨﴾

لَّا يُصَدَّعُونَ عَنْهَا وَلَا يُنزِفُونَ ﴿١٩﴾

وَفَاكِهَةٍ مِّمَّا يَتَخَيَّرُونَ ﴿٢٠﴾ وَحَمِيرٍ طَيْرٍ مِّمَّا يَشْتَهُونَ ﴿٢١﴾

وَحُورٌ عِينٌ ﴿٢٢﴾ كَأَمْثَالِ اللُّؤْلُؤِ الْمَكْنُونِ ﴿٢٣﴾

جَزَاءً بِمَا كَانُوا يَعْمَلُونَ ﴿٢٤﴾

لَّا يَسْمَعُونَ فِيهَا لَغْوًا وَلَا تَأْتِيهَا إِلَّا قِيلًا سَلَامًا ﴿٢٥﴾

১০। আর অগ্রবর্তীগণই তো অগ্রবর্তী, ১১। উহারাই নৈকটপ্রাপ্ত ১২। নিয়ামতপূর্ণ উদ্যানে ১৩। বহু সংখ্যক হইবে পূর্ববর্তীদের মধ্য হইতে; ১৪। এবং অল্পসংখ্যক হইবে পরবর্তীদের মধ্য হইতে। ১৫। স্বর্ণখচিত আসনে। ১৬। উহারা হেলান দিয়া বসিবে, পরস্পর মুখমুখি হইয়া। ১৭। তাহাদের সেবায় ঘোরাফেরা করিবে চির- কিশোরেরা। ১৮। পানপাজা, কুঁজা প্রস্রবণ -নিঃসৃত সুরাপূর্ণ পেয়লা লইয়া। ১৯। সেই সুরা পানে তাহাদের শিরঃপীড়া হইবে না, জ্ঞানহারাও হইবে না-২০। এবং তাহাদের পছন্দমত ফলমূল, ২১। আর তাহাদের ইচ্ছিত পাখির গোশতো লইয়া। ২২। আর তাহাদের জন্য থাকিবে আয়তলোচনা হূর, ২৩। সুরক্ষিত মুক্তা সদৃশ, ২৪। তাহাদের কর্মের পুরস্কার

স্বরূপ। ২৫।সেখানে তাহারা শুনিবেনা কোন অসার অথবা পাপবাক্য, ২৬।‘সালাম’ আর ‘সালাম’ বাণী ব্যতীত।

২। ভাগ্যবান ডানদিকের শ্রেণী

সূরা ৫৬ ওয়াকিয়াহ, আয়াতঃ ২৭-৪০

وَأَصْحَابُ الْيَمِينِ ۗ مَا أَصْحَابُ الْيَمِينِ ۗ فِي سِدْرٍ مَّخْضُودٍ ۗ

وَوَطْحٍ مَّنْضُودٍ ۗ وَظِلٍّ مَّمْدُودٍ ۗ وَمَاءٍ مَّسْكُوبٍ ۗ

وَفَاكِهَةٍ كَثِيرَةٍ ۗ لَا مَقْطُوعَةٍ وَلَا مَمْنُوعَةٍ ۗ

وَفُرُشٍ مَّرْفُوعَةٍ ۗ إِنَّا أَنْشَأْنَهُنَّ أَنْشَاءً ۗ

فَجَعَلْنَهُنَّ أَبْكَارًا ۗ عُرْبًا أَتْرَابًا ۗ لِأَصْحَابِ الْيَمِينِ ۗ

ثُلَّةٌ مِّنَ الْأَوَّلِينَ ۗ وَثُلَّةٌ مِّنَ الْآخِرِينَ ۗ

২৭।আর ডানদিকের দল,কত ভাগ্যবান ডানদিকের দল! ২৮।তাহারা থাকিবে এমন উদ্যানে সেখানে আছে কন্টকহীন কূলবৃক্ষ,২৯।কাদি ভরা কদলী বৃক্ষ,৩০।সম্প্রসারিত ছায়া, ৩১। সদা প্রবহমান পানি, ৩২। ও প্রচুর ফলমূল, ৩৩। যাহা শেষ হইবেনা ও যাহা নিষিদ্ধও হইবে না।৩৪।আর সমুচ্চ শয্যা সমূহ; ৩৫। উহাদেরকে আমি সৃষ্টি করিয়াছি বিশেষরূপে- ৩৬। উহাদেরকে করিয়াছি কুমারী,৩৭।সোহাগিনী ও সমবয়স্কা, ৩৮।ডানদিকের লোকদের জন্য ৩৯।তাহাদের অনেকে হইবে পূর্ববর্তীদের মধ্য হইতে, ৪০। এবং অনেকে হইবে পরবর্তীদের মধ্য হইতে।

৩। হতভাগ্য বামদিকের শ্রেণীঃ

সূরা ৫৬ আল ওয়াকিয়াহ, আয়াতঃ৪১-৫৬

وَأَصْحَابُ الشِّمَالِ ؕ مَا أَصْحَابُ الشِّمَالِ ﴿٣١﴾ فِي سَمُومٍ وَحَمِيمٍ ﴿٣٢﴾

وَوَظِلٍّ مِّنْ يَّحْمُومٍ ﴿٣٣﴾ لَا بَارِدٍ وَلَا كَرِيمٍ ﴿٣٤﴾

إِنَّهُمْ كَانُوا قَبْلَ ذَلِكَ مُتْرَفِينَ ﴿٣٥﴾

وَكَانُوا يُصِرُّونَ عَلَى الْحِنثِ الْعَظِيمِ ﴿٣٦﴾

وَكَانُوا يَقُولُونَ ؕ أَيُّذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَعِظَامًا ؕ إِنَّا

لَنَبْعُوثُوهَا ﴿٣٧﴾

أَوْ آبَاءُنَا الْأَوَّلُونَ ﴿٣٨﴾ قُلْ إِنَّ الْأَوَّلِينَ وَالْآخِرِينَ ﴿٣٩﴾

لَنَجْمُوْعُهُنَّ إِلَىٰ مِيْقَاتٍ يَّوْمٍ مَّعْلُومٍ ﴿٤٠﴾

ثُمَّ إِنَّكُمْ أَيُّهَا الضَّالُّونَ الْمُكذِّبُونَ ﴿٤١﴾

لَأَكُونَنَّ مِنْ شَجَرٍ مِّنْ زُقُومٍ ﴿٤٢﴾ فَمَا يُؤْنَسُ مِنْهَا الْبُطُونُ ﴿٤٣﴾

فَشْرِبُونَ عَلَيْهِ مِنَ الْحَمِيمِ ﴿٥٣﴾ فَشْرِبُونَ شُرْبَ الْهَمِيمِ ﴿٥٤﴾

هَذَا نَزْلُهُمْ يَوْمَ الدِّينِ ﴿٥٦﴾

৪১। আর বামদিকের দল ,কত হতভাগ্য বামদিকের দল! ৪২। উহারা থাকিবে অত্যাশু বায়ু, ও উত্তপ্ত পানিতে, ৪৩।কৃষ্ণবর্ণ ধূমের ছায়ায়, ৪৪ যাহা শীতল নয়, আরামদায়কও নয়। ৪৫।ইতিপূর্বে উহারা মগ্ন ছিল ভোগ-বিলাসে। ৪৬।এবং উহারা অবিরাম লিপ্ত ছিল ঘোরতর পাপকর্মে। ৪৭।আর উহারা বলিত, 'মরিয়া অস্থি ও মৃত্তিকায় পরিণত হইলেও কি উত্থিত হইব আমরা? ৪৮।'এবং আমাদের পূর্ব পুরুষগণও?' ৪৯।বল, 'অবশ্যই পূর্ববর্তীগণ ও পরবর্তীগণ-

৫০।সকলকে একত্রিত করা হইবে এক নির্ধারিত দিনের নির্দিষ্ট সময়ে। ৫১।অতএব হে বিভ্রান্ত অস্বীকারকারিরা! ৫২।তোমরা অবশ্যই আহাৰ করিবে যাক্কুমবৃক্ষ হইতে, ৫৩। এবং উহা দ্বারা তোমরা উদর পূর্ণ করিবে, ৫৪।পরে তোমরা পান করিবে উহার উপর অত্যাশু পানি- ৫৫। আর পান করিবে তৃষ্ণার্ত উষ্টের ন্যায়। ৫৬। কিয়ামতের দিন ইহাই হইবে উহাদের আপ্যায়ন।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, আমাদের চেষ্টা করা উচিত। অগ্রবর্তী নৈকটপ্রাপ্ত শ্রেণীর অন্তর্ভুক্ত হওয়ার। তাহলে আশা করা যায় আমরা অন্ততপক্ষে ভাগ্যবান ডানদিকের শ্রেণীভুক্ত হতে পারব। আল্লাহর কাছে আমাদের ফরিয়াদ করা দরকার, হে আল্লাহ রহমানুর রহীম , মেহেরবানী করে আমাদের ক্ষমা করে দাও এবং আমাদেরকে বিচারের দিনে হতভাগ্য বামদিকের শ্রেণীভুক্ত কর না। আমরা তওবা করছি তোমার পথে ফিরে এসেছি। আমাদেরকে তোমার গজবের পথে আর নিও না।আমাদের দুনিয়া ও আখেরাতে কল্যাণ দান কর। আমীন।

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াবাবাকাতুহু।